গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২৩/২০২২-২০২৩
ময়মনসিংহ, ০২ এপ্রিল, রবিবার ২০২৩, ১৯ চৈত্র ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

০১। আজ বিশ্ব অটিজম সচেতনতা দিবস

০২। অপরাধ ও অপপ্রচারের সাথে সাংবাদিকতাকে মেলাবেন না: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

০৩। রমজান ঈদে যানজট ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে মসিক মেয়রের বাজার ও সড়কের বিভিন্ন পয়েন্ট পরিদর্শন

০৪। ময়মনসিংহে নেত্রকোনা সমিতির ৩০ বছর পূর্তি উদ্‌যাপন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

০৫। বাধ্যতামূলক হলো ট্রেনের টিকিটে সহযাত্রীর নাম

## ০১। আজ বিশ্ব অটিজম সচেতনতা দিবস

সারা বিশ্বের মতো বাংলাদেশেও ১৬তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালিত হবে আজ রোববার (০২ এপ্রিল)। এ উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিশ্ব অটিজম দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটিতে এবারের প্রতিপাদ্য 'রূপান্তরের অভিযাত্রায় সবার জন্য নিউরোবান্ধব অন্তর্ভূক্তিমূলক বিশ্ব গঠন'। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক দেশের খবর, দৈনিক নিউ টাইমস ও দৈনিক দিনের পালা।

## ০২। অপরাধ ও অপপ্রচারের সাথে সাংবাদিকতাকে মেলাবেন না: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, সাংবাদিকরা সমাজের অনুন্মোচিত বিষয় তুলে আনে, সমাজের তৃতীয় নয়ন খুলে দেয়। সাংবাদিকতা একটি মহৎ পেশা। অপরাধ ও অপ্রচারের সাথে সাংবাদিকতাকে মেলাবেন না। শনিবার (০১ এপ্রিল) রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টাস ইউনিটির (ডিআরইউ) ইফতার সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক নিউ টাইমস ও দৈনিক সকালের দুনিয়া।

## ০৩। রমজান ঈদে যানজট ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে মসিক মেয়রের বাজার ও সড়কের বিভিন্ন পয়েন্ট পরিদর্শন

রমজান ও আসন্ন ঈদে দ্রব্যমূল্য এবং যানজট পরিস্থিতি নিয়ন্ত্রণে শনিবার (০১ এপ্রিল) ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু, ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান, পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞাসহ সড়ক ও জনপথ এবং সংশ্লিষ্ট অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের একটি দল নগরীর মেছুয়া বাজার ও যানজটের জন্য স্পর্শকাতর বিভিন্ন পয়েন্ট পরিদর্শন করেছেন। সড়ক পয়েন্ট পরিদর্শনকালে মেয়র ভাঙ্গা সড়কসমূহের দ্রুত সংস্কার, শম্ভুগঞ্জ ব্রিজ টোলপ্লাজায় চারটি বুথ চালু রাখা এবং অতিরিক্ত গাড়ির চাপ সামলাতে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের খবর, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক দিনের পালা।

## ০৪। ময়মনসিংহে নেত্রকোনা সমিতির ৩০ বছর পূর্তি উদ্‌যাপন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

ময়মনসিংহ জেলা পরিষদ এর ভাষা শহীদ আব্দুল জব্বার মিলনায়তনে শুক্রবার (৩১ মার্চ) নেত্রকোনা সমিতি, ময়মনসিংহের ৩০ বছর পূর্তি উদ্‌যাপন উৎসব ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ইফতার মাহফিলকে কেন্দ্র করে মিলনায়তন ময়মনসিংহে বসবাসকারী নেত্রকোনাবাসীদের মিলনমেলায় পরিণত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু। সূত্র: দৈনিক সবুজ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, আজকের বাংলাদেশ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের খবর।

## ০৫। বাধ্যতামূলক হলো ট্রেনের টিকিটে সহযাত্রীর নাম

'টিকিট যার ভ্রমণ তার' নীতি বাস্তবায়নে টিকিট ক্রয়ের ক্ষেত্রে এবার সহযাত্রীর নাম উল্লেখ করা বাধ্যতামূলক করেছে বাংলাদেশ রেলওয়ে। যার একাউন্টের মাধ্যমে সহযাত্রীদের টিকিট কেনা হবে, সেখানে সহযাত্রীদের নামও উল্লেখ করতে হবে। শনিবার (০১ এপ্রিল) থেকে এটি সংযোজন করা হয়েছে বলে এদিন জানিয়েছেন রেলয়ের টিকিট বিক্রির সহযোগী প্রতিষ্ঠান সহজ-সিনোসিস-ভিনসেন-জেভির সিইও সন্দ্বীপ দেবনাথ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক জাহান।

## সম্পাদকীয়

(ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** ২ এপ্রিল সারাবিশ্বের মতো বাংলাদেশেও বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন করা হয়। বর্তমান বিশ্বে অটিজম জনস্বাস্থ্যের জন্য মারাত্মক এক হুমকি। তবে প্রতিবন্ধিতা কোনো প্রতিবন্ধকতা নয়। সমাজের অন্য সব প্রতিবন্ধকতার ন্যায় এই সমস্যা সমাধান করা সম্ভব।

(খ) **দৈনিক স্বজন:** রেলকে সেবামূলক খাত বলা হলেও সেবা বাড়েনি এটা সত্য। নানা সময় রেলের নানা প্রকল্পে দুর্নীতি ও অব্যবস্থাপনার কথা উঠে আসে। তাই সত্যিকার অর্থে রেল যোগাযোগের পরিবর্তন ঘটাতে হলে, অবশ্যই রেলের দুর্নীতি ও অব্যবস্থাপনা দূর করতে হবে।

(গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশের মানুষের অকাল মৃত্যুর অন্যতম বড় কারণ বায়ুদূষণ। এছাড়াও বায়ুদূষণের মারাত্মক প্রভাবে শিশুদের বিকাশ বাধাগ্রস্ত হয়। বায়ুদূষণ বন্ধে সম্বলিত প্রচেষ্টা ও টেকসই সমাধানে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

(ঘ) **দৈনিক জাহান, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা:** প্রতারণার পরিধি ও ব্যাপ্তি আজ আর নির্দিষ্ট গন্ডির মধ্যে নেই। অনলাইন অফলাইন সবখানে প্রতারণা। প্রতারণা আর দুর্নীতির ভয়াবহ এর ধ্বংসাত্মক পরিণাম ও পরিণতি জানিয়ে পুরো দেশ, জাতি ও সমাজকে সজাগ করে তুলতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। রমজানের রোজা: একজন চিকিৎসকের দৃষ্টিতে- ইমেরিটাইস অধ্যাপক ড. এ বি এম আব্দুল্লাহ (দৈনিক স্বজন)

০২। আয়বৈষম্য টেকসই উন্নয়নের প্রতিবন্ধক- এম এ খালেক (দৈনিক জাহান, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা)

০৩। লঘু পাপে গুরুদন্ড- তফজ্জল হোসেন (আজকের বাংলাদেশ)

০৪। আল-কুরআন কল্যাণময় মহাগ্রন্থ- লায়ন মো. গণি মিয়া বাবুল (দৈনিক সবুজ)

#

রিদওয়ান/ফয়সাল/রেজভী/সজিব/২০২৩/০৯.৩০ ঘণ্টা।